



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ info@nhrc.org.bd; হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১৭৩

তারিখঃ ০৭ আগস্ট ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তিঃ

ডেঙ্গুর প্রকোপ আশঙ্কাজনকভাবে বৃদ্ধি পাওয়ায় জাতীয় মানবাধিকার কমিশনের উদ্বেগ

সম্প্রতি ডেঙ্গুর প্রকোপ আশঙ্কাজনকভাবে বৃদ্ধি পাওয়ায় উদ্বেগ প্রকাশ করছে জাতীয় মানবাধিকার কমিশন। গনমাধ্যমে প্রকাশিত সংবাদ থেকে জানা যায়, প্রতিদিন গড়ে ১০ জনের বেশি মানুষ ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করছে। ০৭ আগস্ট ২০২৩ তারিখ সারাদেশে ডেঙ্গু আক্রান্ত হয়ে আরও ২৭৬৪ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন, যা এ বছর একদিনের সর্বোচ্চ। এবছর এখন পর্যন্ত ৩০৩ জন ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন। চিকিৎসকরা বলছেন, গত কয়েক বছরের তুলনায় এবার ডেঙ্গু রোগীদের অবস্থা খুব তাড়াতাড়ি অবনতি হচ্ছে। এ বছর এডিস মশা শনাক্তে চালানো জরিপে ঢাকায় মশার যে উপস্থিতি দেখা গেছে, তাকে ঝুঁকিপূর্ণ বলছেন বিশেষজ্ঞরা। এ অবস্থায় সামনে ডেঙ্গুর প্রকোপ আরও বাড়ার আশঙ্কা করেছেন তারা।

উপরোক্ত অবস্থাদৃষ্টে ডেঙ্গু নিয়ন্ত্রণে সিটি কর্পোরেশন পৌরসভা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষগুলোর গৃহীত ব্যবস্থা পর্যাপ্ত নয় মনে করে জাতীয় মানবাধিকার কমিশন। বছরের পর বছর ধরে বাংলাদেশে ডেঙ্গুর সংক্রমণ আর এই রোগের ভাইরাস আরও শক্তিশালী হয়ে ওঠার পরেও সেটিকে নিয়ন্ত্রণ করার জন্য পর্যাপ্ত কার্যকরী ব্যবস্থা না নেয়ায় এই বছরে ডেঙ্গু মারাত্মক হয়ে উঠেছে।

কমিশন মনে করে, পুরো দেশে এডিস মশা ও ডেঙ্গু নিয়ন্ত্রণে অবশ্যই স্থানীয় সরকারের প্রতিটি ইউনিটকে কাজে লাগিয়ে সবার সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। রাজধানীসহ যেসব হটস্পট চিহ্নিত হয়েছে, সেসব জায়গায় জরুরি ভিত্তিতে মশার আবাসস্থল ধ্বংস করার জন্য সব শ্রেণি-পেশার মানুষকে সক্রিয় সম্পৃক্ততায় উদ্রুদ্ধ করতে হবে। পাশাপাশি, সিটি কর্পোরেশন এবং পৌরসভাসমূহকে আর পরিপূর্ণ ও কার্যকর ব্যবস্থা গ্রহণ করার আহ্বান জানায় কমিশন।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ।